

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা)
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ
হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০২.০১৮.১৭.১১৪

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৪

২৯ নভেম্বর ২০১৭

বিষয়: “আয়েশা হাসেন নির্জাস এতিম আলী ভূঁইয়া দাখিল মাদরাসা”-র ব্যক্তির নামে নামকরণ করার শর্তাধীনে জমাকৃত অর্থ উত্তোলনের অনুমতি।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদরাসা-২)এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪) তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শাঃ১১/বিধি-৩৯/৯৬৩৫৯(৬০৫)-শিক্ষা, তারিখ: ১০.০৪.২০০১ খ্রি:।

(৩) আয়েশা হাসেন নির্জাস এতিম আলী ভূঁইয়া দাখিল মাদরাসা-র সুপারের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্র (১) এর মাধ্যমে সরকার মাদরাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধি নির্ধারন করেছেন, যার মধ্যে দেশের মাদরাসা সমূহের সকল প্রকার প্রশাসনিক তত্ত্বাবধান অন্যতম।

০২. সূত্র (২) এর মাধ্যমে সরকার আইন প্রণয়ন করেছেন যে, ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণ করতে হলে (দাখিল মাদরাসার জন্য) সংরক্ষিত তহবিলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জমা করতে হবে এবং উক্ত অর্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমতিক্রমে জেলা শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের কমিটির সভাপতির যৌথ স্বাক্ষরে উত্তোলন করে ব্যয় করা যাবে।

০৩. বিষয় শিরোনামে বর্ণিত মাদরাসাটি ব্যক্তি জনাব “আয়েশা হাসেন নির্জাস এতিম আলী ভূঁইয়া”-এর নামে নামকরণ করার জন্য উক্ত মাদরাসার তহবিলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জনতা ব্যাংক লিমিটেড, আখাউড়া শাখায় একাউন্ট নং ০১০০০৭৯৯৭৬২৮২-এ গত ২৮/০৩/২০১৭খ্রি. তারিখে জমা করা হয় মর্মে জানানো হয়েছে।

০৪. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড থেকে স্বীকৃতি প্রাপ্ত হওয়ায় উক্ত তহবিলের অর্থ উত্তোলনের জন্য বর্ণিত মাদরাসার সুপার সূত্র (৩)-এ বর্ণিত পত্রে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-য় একখানা দরখাস্ত দাখিল করেছেন।

০৫. এমতাবস্থায়, প্রদত্ত আবেদন এবং পত্রাদি পর্যালোচনাক্রমে উক্ত মাদরাসার নামে ব্যাংকে জমাকৃত উক্ত = ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্তে উত্তোলনের অনুমতি প্রদান করা হলো:

(ক) উক্ত টাকা জেলা শিক্ষা অফিসার, বি. বাড়ীয়া এবং উক্ত মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতির যৌথ স্বাক্ষরে ব্যাংক থেকে উত্তোলন করা যাবে;

(খ) উত্তোলনকৃত টাকা সরকারি বিধি মোতাবেক ব্যয় করতে হবে;

(গ) উত্তোলনকৃত টাকা মাদরাসার অবকাঠামো উন্নয়নকল্পে ব্যয় করতে হবে;

(ঘ) এ ফান্ড থেকে অর্থ উত্তোলন অপরিহার্য ছিল এ মর্মে জেলা শিক্ষা অফিসারের লিখিত প্রত্যয়ন থাকতে হবে।

(ঙ) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক কমিটি অনুমোদিত হলে, এর একটি কপি অত্র অধিদপ্তরে জমা করতে হবে;

(চ) অর্থ ব্যয়ের পর জেলা শিক্ষা অফিসার ও সভাপতির স্বাক্ষর সম্বলিত এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, আখাউড়া, বি. বাড়ীয়া এর প্রতিস্বাক্ষরসহ একটি ব্যয় বিবরণী অত্র অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।



১৯-১১-২০১৭

মোঃ বিল্লাল হোসেন

মহাপরিচালক

সুপার

আয়েশা হাসেন নির্জাস এতিম আলী ভূঁইয়া দাখিল মাদরাসা, আখাউড়া, বি.

বাড়ীয়া

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০২.০১৮.১৭.১১৪/১(৪)

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৪

২৯ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ব্রাহ্মণবাড়িয়া
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, আখাউড়া, ব্রাহ্মণবাড়ীয়া
- ৪) সংরক্ষণ নথি, মাশিঅ



২৯-১১-২০১৭

ড. মোঃ আঃ মান্নান মোল্লা
সহকারী পরিচালক